সমকাল

তারিখ 27 DEC 2016
পৃষ্ঠা ৫ কলাম 2

জামালপুর সরকারি বালিকা বিদ্যালয়

# ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ২৪ ঘণ্টা পর পরিবর্তন

■ জামালপুর প্রতিনিধি

ভর্তি পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশের ২৪ ঘণ্টা পর তা পরিবর্তন করে নতুন তালিকা প্রকাশ করায় ক্ষোভ দেখা দিয়েছে জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণিতে ভর্তিবঞ্চিত মেধাবী শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে। এ বিষয়টি তদন্তের দাবি তুলেছেন অভিভাবকরা।

জামালপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ে গত শনিবার ষষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য প্রভাতি ৩৭৬ ও দিবা শাখায় ৩৬৯ পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। ওই রাতেই প্রতি শাখায় ৬০ জন করে ১২০ জন উত্তীর্ণ পরীক্ষার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ করে তালিকা টানিয়ে দেওয়া হয় নোটিশ বোর্ডে। কিন্তু পরদিন রোববার ওই তালিকা পরিবর্তন করে আরেকটি নতুন তালিকা প্রকাশ করা হয়। এতে আগের তালিকা থেকে বাদ পড়ে ২৪ জন মেধাবী পরীক্ষার্থী। এ খবর জানাজানি হলে সোমবার স্কুল প্রাঙ্গণে ভিড় জমে যায় ভর্তিচ্ছু শিক্ষার্থী ও অভিভাবকদের। বোর্ডে নতুন তালিকায় অনেকের নাম না থাকায় তারা ক্ষোভে ফেটে পড়েন। সোমবার জামালপুর প্রেস ক্লাবে শিক্ষার্থী ও অভিভাবকরা সাংবাদিকদের কাছে অভিযোগ করে এর প্রতিকার দাবি করেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুলতানা রাজিয়া বলেন, ভুলক্রমে ওই তালিকায় সরকারি কোটার দুই শাখার ২৪ জনের নাম বাদ পড়ে। পরে ওই তালিকায় শুধু ওই ২৪ জনকে অন্তর্ভুক্ত করা হয়। এতে আগের তালিকা থেকে ২৪ জন বাদ পড়ে। এখানে কোনো অনিয়ম হয়নি। শুধু কম্পিউটারের কারিগরি ত্রুটির কারণে এ সমস্যার সৃষ্টি হয়েছে। জামালপুর জেলা প্রশাসক ও ওই বিদ্যালয়ের সভাপতি মো. শাহাবুদ্দিন খান বলেন, ভর্তি পরীক্ষা বা ফল প্রকাশে অনিয়ম-দুর্নীতি হয়নি।